# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং ঃ- সিশিবো/পনি/উমা-০৫/২০১৮/ ৪৯৩ তারিখ ঃ ০৩/১০/২০১৮

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট -এর আওতাভুক্ত প্রাইভেট পরীক্ষার জন্য নির্ধারিত কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষায় অত্র শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুকদের জন্য প্রযোজ্য নিয়মাবলী নিম্নে উল্লেখিত করা হলো।

১. প্রাইভেট পরীক্ষার্থী ঃ ২০১৪ সাল বা তার পূর্বে এস এস সি /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

২. পাঠ্যসূচিঃ প্রাইভেট পরীক্ষার্থীরা ২০১৯ সালের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষা পরিচালনার নিয়মাবলী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।

৩. নির্বাচনী পরীক্ষা ঃ পুলিশ,প্রতিরক্ষাবাহিনীতে চাকুরীরত ব্যক্তি একাধিক্রমে ০৩(তিন) বৎসর শিক্ষকতা পেশায় কর্মরত শিক্ষকগণ এবং অন্ধ ব্যতীত সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪. শাখা ও বিষয়সমূহ ঃ প্রাইভেট পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে এবং যে সমস্ত বিষয়ে ব্যাবহারিক পরীক্ষা আছে সে সমস্ত বিষয় নিতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীরা ৪র্থ (চতুর্থ) বিষয় নিতে পারবে না।

৫. শিক্ষা বোর্ডে কর্মরত কোন কর্মচারী নিজ শিক্ষা বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে তারা ইচ্ছা করলে নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬. সময়সূচি ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীর বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষ বরাবরে সাদাকাগজে তালিকাভুক্তির জন্য আবেদন দাখিলের তারিখ | ০৭/১০/২০১৮ থেকে ১৮/১০/২০১৮ |
| ২. | প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরম বোর্ড থেকে গ্রহণের তারিখ | ২৫/১০/২০১৮ |
| ৩. | প্রাইভেট পরীক্ষার্থীদের পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম, বিবরণী ফরম ০২(দুই) কপি, এস এস সি পরীক্ষা পাশের মূল নম্বরফর্দ এবং পরীক্ষার্থী তালিকাভুক্তি ফি এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অত্র শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে ) জমা দেয়ার তারিখ (উল্লেখ্য এস এস সি পরীক্ষার মূল নম্বরফর্দগুলি তালিকার ক্রমানুযায়ী সাজিয়ে জমা দিতে হবে) | ৩১/১০/২০১৮ |

৭. পরীক্ষা কেন্দ্র ঃ সিলেট শিক্ষা বোর্ড হতে অনুমতিপ্রাপ্ত নিম্নোক্ত ০৪(চার) টি কলেজ কেন্দ্র হতে ইচ্ছুক প্রাইভেট
পরীক্ষার্থীগণ এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
ক) সিলেট সরকারী কলেজ,সিলেট।
খ) মৌলভীবাজার সরকারী কলেজ, মৌলভীবাজার।
গ) বৃন্দাবন সরকারী কলেজ, হবিগঞ্জ।
ঘ) সুনামগঞ্জ সরকারী কলেজ,সুনামগঞ্জ।

৮. অনুমতি ফরম অত্র শিক্ষা বোর্ডে জমা দেয়ার সময় নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে।

ক) এস এস সি /সমমানের পরীক্ষার মূল নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রীপ্ট।

খ) ইতোপূর্বে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে মূল প্রবেশপত্র।

গ) পাঠ বিরতির প্রত্যয়নপত্র ও চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত )

ঘ) প্রার্থীর সাম্প্রতিকালে উঠানো ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মূখভাগে প্রার্থীর নিজের নাম লিখতে হবে এবং তা সংশিষ্ট কলেজের অধ্যক্ষ দ্বারা সত্যায়িত করে আইকা আঠা দ্বারা যথাস্থানে লাগিয়ে দিতে হবে।

ঙ) শিক্ষক প্রার্থীর বেলায় ২০১৮ সালের ১লা নভেম্বর অন্তত তিন বছর চাকুরী পূর্ণ হবে এ মর্মে নিজ জেলার জেলা শিক্ষা অফিসার এর সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

চ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় কমপক্ষে এক বৎসর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমানডিং অফিসার এর সমপর্যায়ের কর্মকর্তার নিকট হতে সীলমোহরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

৯. পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ প্রাইভেট পরীক্ষার্থীদের তালিকাভুক্তি ফিসহ যাবতীয় ফি এবং আবেদনপত্র স্ব-স্ব কলেজ কেন্দ্রে জমা দিতে হবে।

১০. ফি এর হার নিম্নরূপ ঃ

ক) অনুমতি ও রেজিস্টেশন ফি প্রতি পরীক্ষার্থী ---------------------------২৫০/=

খ) রেজিষ্ট্রেশন নবায়ন ফি (শিক্ষার্থী প্রতি)------------------------------৪০০/=

গ) রোভার স্কাউট ফি প্রতি পরীক্ষার্থী ----------------------------------১৫/=

ঘ) গালর্স গাইড ফি প্রতি পরীক্ষার্থী ----------------------------------১৫/=

১১. প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহিত বিষয় সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভুত বিষয়ে রীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১২. কোন কারণ না দেখিয়ে যে কোন পরীক্ষার্থীর আবেদন বাতিল করার ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড সংরক্ষণ করেন। সকল প্রাইভেট পরীক্ষার্থীকে বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী অবশ্যই মেনে চলতে হবে।

১৩. প্রাইভেট পরীক্ষার্থীরা যে কলেজের মাধ্যমে নির্বাচিত হবে সে কলেজের জন্য নির্ধারিত কেন্দ্রেই তারা এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

**বিঃ দ্রঃ পরীক্ষা সংক্রান্ত ফি eff পুরণের বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৩/১০/২০১৮

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

**অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
২। অধ্যক্ষ,...................................................... ।
৩।সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা,অত্র শিক্ষা বোর্ড।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৬। সংরক্ষণ নথি।

D-Private Exa.HSC-2018